

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও,
শেরে বাংলা নগর, ঢাকা।
[শুল্ক ও ভ্যাট প্রশাসন-৩ শাখা]
www.nbr.gov.bd

নথি নং: ০৮.০১.০০০০.০১৩.০১.৪৭৭.২০১৪ / ১২৩০

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

আদেশ


যেহেতু, জনাব রাসেল মাহমুদ জুয়েল (জন্ম তারিখ: ১২/১২/১৯৮৪খ্রিঃ) সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর বিরুদ্ধে গত ২১/০৮/২০২২ খ্রিস্টাব্দ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে 'সরকারি কর্মচারী (শুল্ক ও আপীল) বিধিমালা' ২০১৮ এর বিধি-৩ (গ) অনুযায়ী "পলায়ন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের ২৫ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখের ০৮.০১.০০০০.০১৩.০১.৪৭৭-২০১৪/১৩৬ নং স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অভিযুক্ত কর্মকর্তা বরাবর প্রেরণের লক্ষ্যে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর বরাবর প্রেরণ করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অভিযুক্ত কর্মকর্তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিষ্টার্ড ডাক যোগে প্রেরণ করা হলেও তা ফেরত আসে মর্মে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর ২৩/০৫/২০২৩ তারিখের ০৮.০১.৮৫০০.২০২.৪৪.০০১.২৩/২০৮৭ নং স্মারকের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করা হয়; এবং

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত ও অনানুষ্ঠানিক জন্ম আবেদন প্রকাশ করেননি। পরবর্তীতে উক্ত বিভাগীয় মামলার বিষয়ে জনাব আরজিনা খাতুন, দ্বিতীয় সচিব, জাতীয় রাজস্ব বোর্ডকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে প্রাপ্ত দলিলাদির বিশ্লেষণে জনাব রাসেল মাহমুদ জুয়েল এর গত ২১/০৮/২০২২ খ্রিস্টাব্দ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগটি প্রমাণিত হয়েছে। উক্ত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুল্ক ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী 'পলায়ন (desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করে তার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে গত ১১ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি. তারিখের স্মারক নং ০৮.০১.০০০০.০১৩.০১.৪৭৭-২০১৪/৩৩ এর মাধ্যমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানা বরাবর যথাযথ পদ্ধতিতে প্রেরণ করার জন্য ১২ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিঃ তারিখের স্মারক নং ০৮.০১.০০০০.০১৩.০১.৪৭৭-২০১৪/৩৫ এর মাধ্যমে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর বরাবর পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে অভিযুক্ত কর্মকর্তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিষ্টার্ড ডাক যোগে প্রেরণ করা হলেও তা ফেরত আসে মর্মে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর ১৩/০৩/২০২৪ তারিখের ০৮.০১.৮৫০০.২০২.৪৪.০০১.২৩/১১৯৮(৪) নং স্মারকের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করা হয়; এবং

০৩। যেহেতু, উক্ত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরও জনাব রাসেল মাহমুদ জুয়েল কোনো জবাব দাখিল করেননি বিধায় তদন্ত প্রতিবেদনসহ সার্বিক বিষয় পর্যালোচনা করে তাকে সরকারি কর্মচারী (শুল্ক ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(গ) বিধি অনুযায়ী 'চাকরি হতে অপসারণ' গুরুদণ্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হলে কমিশন জনাব রাসেল মাহমুদ জুয়েল'কে প্রস্তাবিত গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষন করেন।

০৪। সেহেতু, জনাব রাসেল মাহমুদ জুয়েল (জন্ম তারিখ: ১২/১২/১৯৮৪খ্রিঃ) সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর বিরুদ্ধে রুজুপূর্বক এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শুল্ক ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (গ) অনুযায়ী 'পলায়ন (desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন প্রস্তাবিত দণ্ডের সাথে একমত পোষন করায় একই বিধিমালার ৪(৩)(গ) বিধিমতে গুরুদণ্ড হিসাবে তাকে পলায়নের তারিখ অর্থাৎ ২১/০৮/২০২২ খ্রিঃ তারিখ থেকে 'চাকরি হতে অপসারণ' করা হলো।

০৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ আবদুল হাছান খান, এফসিএমএ)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০১৩.০১.৪৭৭.২০১৪

তারিখ: ১৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।
- ২। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর।
- ৩। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। ব্যক্তিগত সহকারী, সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। জনাব রাসেল মাহমুদ জুয়েল, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।

Alam

০৩.১১.২৪

(মোঃ আহসান উল্লাহ)

দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৩) (রুটিন দায়িত্ব)